# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাশাহহুদে মুসল্লী ব্যক্তি তার আঙ্গুলগুলিকে কিভাবে রাখবে তার বিবরণ

ذِكْرُ وَصْفِ مَا يَجْعَلُ الْمَرْءُ أَصَابِعَهُ عِنْدَ الْإِشَارَةِ فِي التَّشَهُّدِ

আরবী

1941 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمَذَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا ابْنُ عَجْلَانَ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا تَشَهَّدَ وَضَعَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى فَخِذِهِ الْيُمْنَى وَأَشَارَ بأصبعه السبابة لا يجاوز بصره إشارته.

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1941 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((صحيح أبي داود)) (910).

বাংলা

১৯৪১. আব্দুল্লাহ বিন যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাশাহহুদ পাঠ করতেন, তখন তিনি বাম হাত বাম উরুর উপর রাখতেন, ডান হাত ডান উরুর রাখতেন এবং তর্জনীর সাহায্যে ইশারা করতেন। এসময় তাঁর দৃষ্টি  (তর্জনীর সাহায্যে) ইশারার স্থানকে অতিক্রম করতো না।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৭৯; সুনান বাইহাকী: ২/১৩১; দারাকুতনী: ১/৩৪৯-৩৫০; দারেমী: ১/৩০৮; আবূ দাঊদ: ৯৮৯; নাসাঈ: ৩/৩৭; আবূ আওয়ানা: ২/২২৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯১০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91157

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন